

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা  
www.mofl.gov.bd

বিষয়ঃ মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়তপুর জেলার নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত  
প্রাণিসম্পদ উন্নয়ন -শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	সাইদ মাহমুদ বেলাল হায়দর সচিব
সভার তারিখ	০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা।
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-“ক”

২। উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), প্রকল্প পরিচালককে প্রকল্পের বিষয়ে সভায় উপস্থাপনের আহ্বান জানান। অতঃপর প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	<b>প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি:</b> আলোচ্য প্রকল্পটি জিওবি ৩০৩৬৭.৩৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর /২০২৩ হতে ৩০ জুন/২০২৭খ্রি: মেয়াদে ঢাকা বিভাগের ৭টি জেলার ৩১টি উপজেলাধীন ১২০ টি ইউনিয়নে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের অনুকূলে চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে মোট বরাদ্দ ১২০০.০০ লক্ষ টাকা। চলতি অর্থ বছরে আগস্ট/২০২৪ পর্যন্ত ছাড় কৃত অর্থের পরিমাণ ২৯৬.৪০ লক্ষ টাকা যা বরাদ্দের ২৪.৭০ শতাংশ (চলতি অর্থ বছর)।	(ক) বরাদ্দকৃত অর্থ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করে শতভাগ বাস্তবায়ন করতে হবে। (খ) প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থের সর্বোত্তম ব্যবহার (value for Money) নিশ্চিত করতে হবে।	মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর/প্রকল্প পরিচালক
২.	<b>লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটের (এলএফএফ) নিয়োগ সংক্রান্তঃ</b> প্রকল্প পরিচালক জানান, ডিপিপি সংস্থান অনুযায়ী প্রকল্প মেয়াদকালীন সময়ে লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটের (এলএফএফ) নির্বাচনে প্রার্থীর বয়সসীমা ৩০-৪০ বছর হওয়ায় ও শিক্ষাগত যোগ্যতা বিজ্ঞান বিভাগে এসএসসি/সমমান পাশ প্রার্থী পাওয়া যাচ্ছে না। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটের নির্বাচনে প্রার্থীর বয়সসীমা ৩০-৪০ বছর এর পরিবর্তে বয়সসীমা ৩০-৪৫ বছর ও শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমান রেখে বিজ্ঞান বিভাগ বাদ দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা বিভাগে পত্র প্রেরণ করতে হবে	মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর/প্রকল্প পরিচালক

৩.	প্রকল্প এলাকা পরিদর্শন সংক্রান্তঃ প্রকল্প এলাকা সম্বন্ধে বাস্তব জ্ঞান অর্জনের জন্য আগামী পিএসসি সভার পূর্বে প্রকল্প এলাকা পরিদর্শনের বিষয়ে সভাপতি ও অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) গুরুত্ব প্রদান করেন।	আগামী পিএসসি সভার পূর্বে প্রকল্প পরিচালক প্রকল্প এলাকার সকল জেলা/উপজেলা পরিদর্শন করবেন। এবং পরবর্তী সভায় প্রতিবেদন দাখিল করবেন।	প্রকল্প পরিচালক
৪.	ডিপিপিতে উল্লেখিত ব্যয় কোড সংশোধনঃ প্রকল্প পরিচালক সভাকে জানান, ডিপিপিতে উল্লেখিত প্রশিক্ষণ ব্যয় কোড নং ৩২৩১২০১, টিএ/ডিএ কোড নং ৩২৪১১০১ ও টোল কোড নং ১৪২১৩০৩ অর্থনৈতিক কোডসমূহে ভুল রয়েছে যা সংশোধন করা প্রয়োজন।	কোডসমূহের ভুল সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর/প্রকল্প পরিচালক

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



১১-০৯-২০২৪

সাব্বিদ মাহমুদ বেলাল হায়দর  
সচিব

২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৩.০০.০০০০.১৪০.১৪.০১৩.২১.৬৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
- ২। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
- ৩। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
- ৪। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
- ৫। সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
- ৬। পরিকল্পনা কমিশন, সাধারণ অর্থনীতি বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা;
- ৭। অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-১ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
- ৮। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
- ৯। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ১০। এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা;
- ১১। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
- ১২। মনিটরিং-১, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।;
- ১৩। পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ১৪। পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা;
- ১৫। “মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়তপুর জেলার নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন” প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা;
- ১৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
- ১৭। সিনিয়র সহকারী সচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং
- ১৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।



Rakter

১১-০৯-২০২৪

মোসা: রাশিদা আক্তার  
সিনিয়র সহকারী সচিব

সকল সংযুক্তিসমূহ:

(১) সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা